

IN THE SUPREME COURT OF BANGLADESH
HIGH COURT DIVISION, DHAKA
(CRIMINAL MISCELLANEOUS JURISDICTION)

Dated -15.02.2021

Present

Mr. Justice Sheikh Md. Zakir Hossain

And

Mr. Justice K.M Zahid Sarwar

Criminal Misc. Case No. 9745 of 2021 (Arising out of Complaint Register Case No. 3313 of 2019 dated 15.10.2019, now pending in the Court of learned Chief Metropolitan Magistrate, Dhaka.)

1. Chowdhury Tanbir Ahmed Siddiky, son of late Khanbahadur Chowdhury Labib-Uddin Ahmed Siddiky, 2. Chowdhury Ishrak Ahmed Siddiky, son of Chowdhury Tanbir Ahmed Siddiky both are residing at House 16, Road 62, Gulshan – 02, Dhaka 1212.

.....Accused Petitioners.

= VERSUS =

1.The State, represented by the Deputy Commissioner Dhaka 2. Haji Hafej Md. Enayet Ullah Son of Haji Deen Mohammad of 45/2, Urdu Road, Police station- Chawkbazar Dhaka Opposite Parties.

জনাব সৈয়দ মোহাম্মদ রায়হান উদ্দিন, অ্যাডভোকেট.....বিজ্ঞ আইনজীবী।

জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, ডেপুটি এ্যাটর্নী জেনারেল

সঙ্গে

জনাব মোঃ আজিজুল হক

মিসেস জুলফিয়া আখতার

জনাব মোঃ রবিউল ইসলাম এবং

মিসেস বদরুন নাহার বেগম সহকারী অ্যাটর্নী জেনারেলগণ.....রাষ্ট্র-অপরপক্ষে।

15.02.2021

Order

ইহা ফৌজদারী কার্যবিধির ৪৯৮ ধারার বিধান অনুযায়ী একটি আগাম জামিনে দরখাস্ত। যেখানে আসামী দরখাস্তকারীদ্বয় ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন দণ্ডবিধি ৪২০/৪০৬/১০৯ ধারার অভিযোগে দায়েরকৃত সি.আর ৩৩১৩/২০১৯ তারিখ ১৫/১০/২০১৯ তাহাতে আগাম জামিনের প্রার্থনা করিয়াছেন।

আসামী-দরখাস্তকারীদ্বয় অত্র আদালতে আত্মসমর্পন করিয়াছেন এবং বিজ্ঞ আইনজীবী তাহাকে সনাক্ত করিয়াছেন।

আসামী-দরখাস্তকারীদেরপক্ষের বিজ্ঞ আইনজীবীর বক্তব্য শ্রবণ এবং ফৌজদারী কার্যবিধির ৪৯৮ ধারার বিধানমতে দাখিলকৃত আগাম জামিনের দরখাস্ত পর্যালোচনাসহ মূল্যায়ন করা হইল।

অন্যদিকে রাষ্ট্র-অপরপক্ষে বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল আসামী - দরখাস্তকারীদের আগাম জামিনের বিরোধীতা করেন।

আসামী দরখাস্তকারীদেরপক্ষের বিজ্ঞ আইনজীবীর নিবেদন ও নথির তথ্য উপাত্ত বিবেচনায় আমাদের অভিমত, দরখাস্তকারীদেরকে সীমিত সময়ের জন্য আগাম জামিন মঞ্জুরপূর্বক দরখাস্তটি নিষ্পত্তি করিলে ন্যায্যসঙ্গত হইবে।

এমতাবস্থায়, আসামী দরখাস্তকারীদ্বয় ১। চৌধুরী তানবীর আহমেদ সিদ্দিকী, পিতা মৃত খানবাহাদুর চৌধুরী লাবিব উদ্দিন আহমেদ সিদ্দিকী, ২। চৌধুরী ইশরাক আহমেদ সিদ্দিকী, পিতা চৌধুরী তানবীর আহমেদ সিদ্দিকী, উপরোক্ত মামলায় ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের সম্মুখিত উপযুক্ত জামিনামা দাখিলের শর্তে ০৬(ছয়) সপ্তাহের জন্য আগাম জামিন মঞ্জুর করা হইল।

বর্ণিত সময় অতিবাহিত হওয়ার পূর্বেও যদি দরখাস্তকারীদ্বয় জামিনের দরখাস্ত করেন তবে ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট গুনাগুনের ভিত্তিতে উক্ত জামিনের দরখাস্ত নিষ্পত্তি করিতে পারিবেন।

ইত্যবসরে দরখাস্তকারীদ্বয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আইনানুগ প্রত্যাশামতে সহযোগীতা করিবেন।

উপরোক্ত নির্দেশনার আলোকে অত্র দরখাস্তটি নিষ্পত্তি (Disposed of) করা হইল।

সংশ্লিষ্ট সকলকে আদেশের অনুলিপি প্রেরণের নির্দেশ দেওয়া হইল।

Sheikh Md. Zakir Hossain

K.M Zahid Sarwar

Memo No.

Crl.

Dated

Copy of the Court's Order dated 15.02.2021 forwarded to the.

1. Chief Metropolitan Magistrate, Dhaka for information and necessary action.

Mohsina Akter

28.02.2021

Examined by

28 FEB 2021

Superintendent

28 FEB 2021

মোঃ জাহাঙ্গীর হোসেন সরদার
সুপারিনটেন্ডেন্ট

By Order

Md. Zakir Hossain Patwary
Assistant Registrar
Phone -9588584

28 FEB 2021